# সবুজ বাংলাদেশ গড়তে শিক্ষার্থীদের বৃক্ষরোপণের আহ্বান প্রধানমন্ত্রীর




প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

দেশের প্রতিটি শিক্ষার্থীকে অন্তত একটি করে গাছের চারা রোপণের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার সকালে রাজধানীর চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত 'প্রাথমিক শিক্ষা পদক-২০২৬' অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি এ আহ্বান জানান।

অনুষ্ঠানের উদ্বোধনী পর্বে প্রতীকীভাবে একটি গাছের চারা রোপণ করেন প্রধানমন্ত্রী। পরে অনুষ্ঠানে উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশে বক্তব্য দিতে গিয়ে তিনি পরিবেশ সংরক্ষণ ও সবুজ বাংলাদেশ গড়তে বৃক্ষরোপণের গুরুত্ব তুলে ধরেন এবং শিক্ষার্থীদের এ উদ্যোগে অংশ নেওয়ার আহ্বান জানান।

সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নের অংশ হিসেবে শিশুদের সৃজনশীলতা, মেধা ও মননশীলতার বিকাশে তৃতীয় থেকে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে দেশব্যাপী বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়। উপজেলা পর্যায় থেকে শুরু হয়ে ধাপে ধাপে জাতীয় পর্যায়ে এসব প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

এবারের আয়োজনে দেশের স্কুল পর্যায়ের প্রায় ২ কোটি ১৮ লাখের বেশি শিক্ষার্থী অংশগ্রহণ করে। বিভিন্ন ধাপের প্রতিযোগিতায় কৃতিত্বের ভিত্তিতে নির্বাচিত শিক্ষার্থীদের হাতে আজ তুলে দেওয়া হবে 'প্রাথমিক শিক্ষা পদক-২০২৬'।

LENS ASIA